

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০১৪.১৬.১৬১৬

তারিখ : ২৯ আষাঢ়, ১৪২৩।
১৩ জুলাই, ২০১৬।

বিষয়ঃ ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান ও সদস্যগণের প্রথম সভা অনুষ্ঠান প্রসংগে।


সূত্রঃ বিভাগীয় কমিশনার, সিলেট কার্যালয়ের এর পত্র নং-১৮২, তারিখ : ১৬/০৬/২০১৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যে সকল ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে, নব-নির্বাচিত পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের নাম গেজেটে প্রকাশিত হয়েছে এবং শপথ অনুষ্ঠিত হয়েছে, কিন্তু পূর্ববর্তী পরিষদের মেয়াদকাল ৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত হয়নি, সে সকল ইউনিয়ন পরিষদের পূর্ববর্তী পরিষদের মেয়াদকাল ৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত না হওয়া পর্যন্ত নব-নির্বাচিত পরিষদের দায়িত্ব গ্রহণের সুযোগ নেই। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগ থেকে গত ২৪ মে, ২০১৬ তারিখে সকল জেলা প্রশাসকের নিকট একটি পত্র দেয়া হয়েছে (কপি সংযুক্ত)। এছাড়া স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩০ মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক স্থিরকৃত তারিখ ও সময়ে নব-নির্বাচিত চেয়ারম্যানের নিকট দায়িত্ব হস্তান্তরের কথা বলা হয়েছে।

০২। এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২৯ ও ৩০ মোতাবেক এবং স্থানীয় সরকার বিভাগ হতে গত ০৯ মে, ২০১৬ তারিখের ৪৮৮ নং স্মারকে ও ২৪ মে, ২০১৬ তারিখের ৫২৭নং স্মারকে জারিকৃত পত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করে সিলেট বিভাগের নব-নির্বাচিত ইউনিয়ন পরিষদের প্রথম সভা অনুষ্ঠানসহ চেয়ারম্যানের দায়িত্ব হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ০২ (দুই) পাতা।

১


(মোঃ মাহাবুবুর রহমান)
উপসচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

বিভাগীয় কমিশনার
সিলেট বিভাগ
সিলেট।

অনুলিপিঃ

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।